

ব্যাবস্থাপনা প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১৪

নভেম্বর ০২, ২০১৪
তারিখ :-----
কার্তিক ১৮, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রিয় মহোদয়,

সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত/স্থানান্তরাধীন ট্যানারীগুলোকে সুবিধা প্রদান প্রসংগে।

সরকারের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা শহর থেকে ট্যানারী শিল্প কারখানা সাভারে স্থানান্তর করার বিষয়ে সৃষ্ট ব্যাংক সংক্রান্ত সমস্যা নিরসনকল্পে অত্র অফিসের ১৩/০৫/২০০৮ তারিখের পত্র নং বিআরপিডি(এফআই)২৬০/১৩/২০০৮-১১৪-১৫৩ এর মাধ্যমে কতিপয় সুবিধা ঘোষণা করা হয়েছে। ট্যানারী শিল্প সাভারে স্থানান্তরের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে বর্তমান সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এপর্যায় সাভারে স্থানান্তরাধীন যে সকল ট্যানারীগুলোর ব্যাংক ঋণ সংক্রান্ত সমস্যা এখনও অনিষ্পন্ন রয়েছে সেগুলোর দ্রুত নিষ্পত্তি হওয়া প্রয়োজন। এ কারণে যে সকল ট্যানারী চামড়া শিল্প নগরী সাভার, ঢাকায় স্থানান্তর করতঃ ব্যবসা অব্যাহত রাখবে সে সকল ট্যানারীর জন্য নিম্নরূপ নীতিমালা/উপায় অনুসরণীয় হবে :

১. সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত/স্থানান্তরাধীন ট্যানারীগুলোর অনিয়মিত ঋণ Block Account -এ স্থানান্তর, মরেটরিয়াম সুবিধা প্রদান ও নমনীয় পরিশোধ সূচী নিরূপণ করা যাবে। Block Account -এ স্থানান্তরিত ঋণের জন্য ০১ (এক) বছরের মরেটরিয়াম সুবিধা প্রদান ও পরবর্তী সর্বোচ্চ ০৮ (আট) বছর পরিশোধ সময়কাল হিসেবে বিবেচনা করা যাবে।
২. Block Account -এ স্থানান্তরিত ঋণের উপর ১০ (দশ) শতাংশ অথবা Cost of fund হার এ দুয়ের মধ্যে যেটি কম সে হারে সুদ আদায়যোগ্য হবে।
৩. Block Account -এ স্থানান্তরিত ঋণের প্রযোজ্য ক্ষেত্রে অনারোপিত সুদ, স্থগিত সুদ খাতে রক্ষিত সুদ (Interest Suspence A/C) ও দন্ড সুদ মওকুফ (সম্পূর্ণ বা আংশিক) করা যাবে। এক্ষেত্রে মূল ঋণ এবং মামলা খরচ মওকুফ করা যাবে না।
৪. রপ্তানী বাণিজ্যে নিয়োজিত ট্যানারী গুলোর ঋণ পুনঃতফসীল ও নতুন ঋণ প্রাপ্তির ক্ষেত্রে প্রচলিত ডাউন পেমেন্ট শিথিল করার বিষয়টি পর্যালোচনা করতে পারে। এক্ষেত্রে প্রয়োজনে কেইস-টু-কেইস ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি গ্রহণ করা যেতে পারে।
৫. ব্লক ঋণ হিসেবে স্থানান্তরিত/পুনঃতফসীলকৃত ঋণ রপ্তানী বিল হতে সমন্বয় করা যেতে পারে, রপ্তানী বিল হতে ঋণের কিস্তি পরিশোধ সম্ভব না হলে ঋণ গ্রহীতা নিজস্ব উৎস হতে পরিশোধ করবে।
৬. নির্ধারিত সময়ে ঋণ আদায় না হলে ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং এর প্রচলিত নিয়ম প্রযোজ্য হবে এবং ব্যাংক তার প্রচলিত নিয়মে ঋণ আদায় নিশ্চিত করবে।
৭. নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে জামানত ঘাটতি থাকলে গ্রাহক নতুন (fresh) জামানত প্রদান করবে। এছাড়া, ট্যানারী শিল্প প্রতিষ্ঠানগুলোর বিদ্যমান বন্ধকী সম্পত্তির বিপরীতে সমমূল্যের সহায়ক জামানত প্রদান করা হলে বন্ধকী সম্পত্তি ছাড় করা যাবে।

৮. যে সকল ট্যানারীর বিরুদ্ধে মামলা রয়েছে সেগুলো সোলেনামার ভিত্তিতে নিষ্পত্তি করা যেতে পারে।
৯. স্থানান্তরিত/স্থানান্তরাধীন ট্যানারীগুলোর যে সকল ঋণ হিসাব ইতোমধ্যে পুনঃতফসিলকরণ হয়েছে সেসকল ঋণ হিসাবের জন্যও এ সুবিধা প্রযোজ্য বিবেচনা করা যাবে।
১০. সার্কুলার জারীর ৬ (ছয়) মাসের মধ্যে ঋণ গ্রহীতাকে ট্যানারী কারখানা সাভরের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরের/স্থানান্তর কার্যক্রম শুরুর সপক্ষে প্রমাণাদি ও প্রাসঙ্গিক কাগজাদিসহ সংশ্লিষ্ট ব্যাংকে আবেদন করতে হবে। ট্যানারী কারখানা স্থানান্তরের/স্থানান্তর কার্যক্রমের সার্বিক অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংকের সম্মুখি সাপেক্ষে এ সুবিধাদি প্রযোজ্য বিবেচিত হবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২।